গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, রাজশাহী
http://doict.rajshahi.gov.bd/

**অক্টোবর ২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নূরুজ্জামান দেওয়ান<br>প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | **০২/১০/২০২৩ খ্রি.** |
| সভার সময় | **সকাল ১১:০০ টা** |
| স্থান | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী |
| উপস্থিতি | **পরিশিষ্ট "ক"** |

সভাপতি সভায় উপস্থিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনার বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | ই-নথি/ ডি-নথি ব্যবহার | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ের ডি-নথিতে চিঠি পত্র আদান প্রদান এবং সকল ডাক নিষ্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও ২৫ ও ২৬ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখে জেলা কার্যালয়, রাজশাহীতে ইনহাউজ ডি-নথি ট্রেনিং এর আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ের ডি-নথিতে চিঠি পত্র আদান প্রদান এবং সকল ডাক নিষ্পন্ন করতে হবে। ২৫ ও ২৬ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখে জেলা কার্যালয়, রাজশাহীতে ইনহাউজ ডি-নথি ট্রেনিং এর আয়োজন করা হবে। |
| ০২. | শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অফ ফিউচার | SOMS (Smart Office Management System) সফটওয়্যার এবং প্রথম ও দ্বিতীয় পর্যায়ের শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অফ ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শন এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | SOMS (Smart Office Management System) সফটওয়্যারে soms.gov.bd তে লগইন করে প্রথম ও দ্বিতীয় পর্যায়ের শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অফ ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শন লক্ষ্যমাত্রা নিধারণ এবং পরিদর্শন তথ্য আপলোড করা প্রতি মাসের ৫ তারিখের মধ্যে জেলা অফিসে রিপোর্ট প্রেরণ করতে হবে। |
| ০৩. | সিটিজেন চার্টার আপলোড সংক্রান্ত | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ের ওয়েব পোর্টালে সিটিজেন চার্টার হালনাগাদ করে আপলোড করার বিষয়ে আলোচনা হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ের ওয়েব পোর্টালে সিটিজেন চার্টার হালনাগাদ করে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৪. | ভিডিও কনফারেন্স এ সহযোগিতা প্রদান | উপজেলা প্রশাসনসহ যে কোন সরকারি দপ্তরকে ভিডিও কনফারেন্স এ কারিগরি বিষয়ে পরামর্শ বা সহযোগিতা করার বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা প্রশাসনসহ যে কোন সরকারি দপ্তরকে ভিডিও কনফারেন্স এ কারিগরি বিষয়ে পরামর্শ বা সহযোগিতা করতে হবে। |
| ০৫. | সুরক্ষা সংক্রান্ত | উপজেলা পর্যায়ে সুরক্ষা সংক্রান্ত সেবা নিয়ে নানাবিধ আলোচনা করা হয়। | উপজেলা পর্যায়ে সুরক্ষা সংক্রান্ত বিষয়ে সাধারণ জনগন সেবা নিতে আসলে সেবা গ্রহীতাকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ০৬. | মাঠ পর্যায়ে আউটসোসিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান | মাঠ পর্যায়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহারের মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, চারঘাট ও বাঘা-তে ২০/০৮/২০২৩ খ্রি. তারিখ ১৫ দিন ব্যাপী আউটসোসিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান শুরু হয়। চারঘাট উপজেলায় ২০/০৯/২০২৩ খ্রি. এবং বাঘা উপজেলায় ১৪/০৯/২০২৩ খ্রি. তারিখ উক্ত প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। | জনাব মোঃ মেহেদী হাসান, সহকারী প্রোগ্রামার, চারঘাট এবং জনাব এস. এম. জি. আজম, সহকারী প্রোগ্রামার, বাঘা, রাজশাহী মাঠ পর্যায়ে আউটসোসিং বিষয়ক প্রশিক্ষণ ২০/০৮/২০২৩ খ্রি. তারিখ ১৫ দিন ব্যাপী শুরু করেন। চারঘাট উপজেলায় ২০/০৯/২০২৩ খ্রি. এবং বাঘা উপজেলায় ১৪/০৯/২০২৩ খ্রি. তারিখ উক্ত প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। |
| ০৭. | আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং ও মেইনটেনেন্স বিষয়ক প্রশিক্ষণ প্রদান | রাজশাহী জেলার চারঘাট, বাঘা, মোহনপুর, তানোর, পুঠিয়া এবং রাজশাহী সিটি কপোরেশন এর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের নিয়ে আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং ও মেইনটেনেন্স বিষয়ে ১০ দিন ব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। উক্ত প্রশিক্ষণ সংক্রান্ত বিস্তারিত আলোচনা করা হয়। | মোহনপুর, তানোর, পুঠিয়া এবং রাজশাহী সিটি কপোরেশন এর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের নিয়ে আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং ও মেইনটেনেন্স বিষয়ে ১০ দিন ব্যাপী প্রশিক্ষণ মোহনপুর, চারঘাট, বাঘা, রাজশাহী সিটি কর্পোরেশন এ ট্রেনিং শুরু হয়েছে। বাগমারা এবং গোদাগাড়ী উপজেলাতে দ্রুত ট্রেনিং শুরু করা হবে বলে প্রোগ্রামার মহোদয়কে অবহতি করেন। |
| ০৮. | শেখ রাসেল দিবস ২০২৩ উদ্‌যাপন এবং জয় SET Center এর ফলক উন্মোচন | শেখ রাসেল দিবস ২০২৩ জেলা এবং উপজেলা পর্যায়ে যথাযথ মর্যাদায় সুষ্ঠুভাবে সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | শেখ রাসেল দিবস ২০২৩ জেলা পর্যায়ে শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, বর্ণাঢ্য র‌্যালী, সভা/সেমিনার, সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, প্রেজেন্টেশন প্রস্তুত প্রতিযোগিতা এবং শ্রেষ্ঠ ল্যাব নির্বাচন এবং উপজেলা পর্যায়ে শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, বর্ণাঢ্য র‌্যালী, সাংস্কৃতিক অনুষ্ঠান, সভা/সেমিনার, উপস্থিত বক্তৃতা/আবৃতি প্রতিযোগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, প্রোগ্রামিং বা কুইজ প্রতিযোগিতা, প্রেজেন্টেশন প্রস্তুত প্রতিযোগিতা এবং শ্রেষ্ঠ ল্যাব নির্বাচন প্রভৃতি বিষয়ে বিস্তারিত আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৯. | নিয়মিত ও নির্ভুল প্রতিবেদন দাখিল সংক্রান্ত | নিয়মিত ও নির্ভুল প্রতিবেদন দাখিল বিষয়ে আলোচনা করা হয়। | সকল প্রতিবেদন প্রেরণে সচেতন হতে হবে এবং যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে ও নিয়মিত ফলো-আপ নিতে হবে। |
| ১০. | যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি | যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হওয়ার ব্যাপারে আলোচনা করা হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজশাহী এর জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়সমূহের সকল কর্মকর্তা ও কর্মচারীকে যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১১. | পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম সংক্রান্ত | অফিস কক্ষ নিয়মিত পরিস্কার পরিছন্ন রাখার বিষয়ে আলোচনা করা হয়। | জেলা ও উপজেলা কার্যালয়ের অফিস কক্ষ নিয়মিত পরিস্কার পরিছন্ন রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে। |
| ১২. | বিবিধি | উপর্যুক্ত বিষয় ছাড়াও অন্যান্য বিষয়ে আলোচনা করা হয়। | উপর্যুক্ত বিষয় ছাড়াও অন্যান্য অর্পিত দায়িত্ব ও উদ্ভুত বিষয়সমূহে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সহিত পালনের মানসিকতা গড়ে তুলতে হবে এবং সে অনুযায়ী কাজ করতে হবে। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৯-১০-২০২৩
মোঃ নূরুজ্জামান দেওয়ান
প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ: ৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.৮১০০.০০০.০৬.০০১.২২.২২০

**বিতরণ :**

১। মাসিক সমন্বয় সভার সম্মানীত সদস্যবৃন্দ।

১৯-১০-২০২৩
মোঃ নূরুজ্জামান দেওয়ান
প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব) (অতিরিক্ত দায়িত্ব)